

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪০. এ বিষয়ে নিষেধাজ্ঞা

باب النَّهٰي عَنْ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، عَنْ دَاؤُدَ بْنِ عَبْدِ اللهِ، ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ دَاؤُدَ بْنِ عَبْدِ اللهِ، عَنْ حُمَيْدٍ الْحِمْيَرِيِّ قَالَ لَقِيتُ رَجُلاً صَحِبَ النَّبِيَّ صلي الله عليه وسلم أَرْبَعَ سِنِينَ كَمَا صَحِبَهُ أَبُو هُرَيْرَةَ، قَالَ: نَهَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَنْ تَغْتَسِلَ الْمَرْأَةُ بِفَضْلِ الرَّجُلِ أَوْ يَغْتَسِلَ الرَّجُلُ بِفَضْلِ الْمَرْأَة بِفَضْلِ المَرْأَة بِفَضْل المَرْأَة مَسَدَّدٌ _ وَلْيَغْتَرِفَا جَمِيعًا.

_ صحيح

বাংলা

৮১। হুমাইদ আল-হিময়ারী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এমন এক সাহাবীর সঙ্গে আমার সাক্ষাৎ হয়েছিল যিনি চার বছর তাঁর সাহচর্যে ছিলেন, যেমন তাঁর সাহচর্যে ছিলেন আবূ হুরাইরাহ্ (রাঃ)। তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুরুষের ব্যবহারের অবশিষ্ট পানি দ্বারা নারীকে এবং নারীর ব্যবহারের অবশিষ্ট পানি দ্বারা পুরুষকে গোসল করতে নিষেধ করেছেন।

বর্ণনাকারী মুসাদ্দাদ এর সঙ্গে বৃদ্ধি করে বলেন, <u>নারী পুরুষের একত্রে একই পাত্র থেকে পানি তুলা নিষেধ।</u> "তারা উভয়েই যেন অঞ্জলি ভরে পানি নেয়।" [1]

সহীহ।

লাল মার্ক করা অংশের অনুবাদে সঠিক না হবার কারনে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

English



Narrated Humayd al-Himyari:

Humayd al-Himyari reported: I met a person (among the Companion of Prophet) who remained in the company of the Prophet (ﷺ) for four years as AbuHurayrah remained in his company. He reported: The Messenger of Allah (ﷺ) forbade that the female should wash with the water left over by the male, and that the male should wash with the left-over of the female.

The version of Musaddad adds: "That they both take the handful of water together."

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ জুনুবী ব্যক্তির অতিরিক্ত পানি দিয়ে গোসল করা নিষেধ, হাঃ ২৩৮)। ইবনু হাজার এটিকে ফাতহুল বারী (১/৩৫৯) গ্রন্থে উল্লেখ করে বলেন, এর রিজাল নির্ভরযোগ্য, কেউ একে মজবুত দলীল দ্বারা দোষী করেছেন বলে আমি অবহিত নই। বায়হাক্কী কর্তৃক এটি মুরসাল অর্থের হওয়ার দাবীটি প্রত্যাখ্যাত। কেননা সাহাবীর মুবহাম হওয়ার দ্বারা কোনো সমস্যা হয় না। তাছাড়া তাবিঈ স্পষ্ট করেছেন যে, তিনি তার সাক্ষাৎ পেয়েছেন।

হাদীস থেকে শিক্ষাঃ

প্রত্যেক নারী ও পুরুষ, একে অপরের পবিত্রতা অর্জনে ব্যবহৃত অতিরিক্তাংশ পানি দ্বারা পবিত্র অর্জন অপছন্দনীয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হুমাইদ আল-হিময়ারী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন